গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

নথি নং- ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২- তারিখ: ২৩ মে ২০২৬ খ্রি.

**বিষয়: দিনাজপুর জেলা ভ্রমণ প্রতিবেদন।**
সূত্র: ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১১২৫ তারিখ: ১১/০৫/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ আরিফুর রহমান -এর নেতৃত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ১৮ মে ২০২৬ তারিখ হতে ২২ মে ২০২৬ তারিখ পর্যন্ত দিনাজপুর জেলা ভ্রমণ করেন। ভ্রমণ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

আপনার একান্ত অনুগত

(মোঃ আরিফুর রহমান)
সহকারী প্রোগ্রামার

মহাপরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

# দিনাজপুর জেলা
# ভ্রমণ প্রতিবেদন

তারিখ: ১৮-২২ মে ২০২৬ খ্রি.

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশিত নির্বাচনী ইশতেহার অনুযায়ী আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১১২৫ তারিখ: ১১/০৫/২০২৬ খ্রি. এর অফিস আদেশবলে সহকারী প্রোগ্রামার, জনাব মোঃ আরিফুর রহমান -এর নেতৃত্বে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ১৮-২২ মে ২০২৬ তারিখে দিনাজপুর জেলা ভ্রমণ করেন।

**প্রতিনিধিদলের অন্যান্য সদস্যগণ হলেন:**


| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ মনির হোসেন,<br>সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) | স্বাক্ষরিত |
| ২ | জনাব সোহাগ মিয়া, জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ রাশেদুল ইসলাম,<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ সৈয়বুর রহমান, দপ্তরী | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ রেজাউল করিম, রেকর্ড সর্টার | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মোঃ সোহেল গাজী, অফিস সহায়ক | স্বাক্ষরিত |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

## <u>এক নজরে দিনাজপুর জেলা ভ্রমণ</u>

**ভ্রমণের উদ্দেশ্য:** বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ অনুযায়ী ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে দিনাজপুর জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম পরিদর্শন।

**ভ্রমণের স্থান:** দিনাজপুর জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।




ভ্রমণের তারিখ: ১৮- ২২ মে ২০২৬ খ্রি.।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

## দিনাজপুর জেলা ভ্রমণের স্থিরচিত্র

| | |
|---|---|
|  |  |
| জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, দিনাজপুর -এর সাথে অধিদপ্তরের প্রতিনিধিদলের সাক্ষাৎ | জনাব মোঃ জানে আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর-এর সাথে অধিদপ্তরের প্রতিনিধিদলের সাক্ষাৎ |
|  |  |
| জনাব মোঃ ফয়েজবু রহমান ফয়েজ, এনডিসি, দিনাজপুর-এর সাথে অধিদপ্তরের প্রতিনিধিদলের সাক্ষাৎ | দিনাজপুর জেলার রেকর্ডরুম ও রেকর্ড পরিদর্শনরত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল |






দিনাজপুর জেলার রেকর্ডরুম ও রেকর্ড পরিদর্শনরত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল




দিনাজপুর জেলার রেকর্ডরুম ও রেকর্ড পরিদর্শনরত আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদল




রেকর্ডরুম পরিদর্শন শেষে জনাব আরফাত উদ্দীন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (রেকর্ডরুম, হেল্প ডেস্ক)-এর সাথে অধিদপ্তরের প্রতিনিধিদল

# দিনাজপুর জেলার বিস্তারিত ভ্রমণ প্রতিবেদন

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ১৮০ দিনের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত **"রেকর্ড সংগ্রহ সপ্তাহ"** উদযাপনের কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২-১১২৫ তারিখ: ১১/০৫/২০২৬ খ্রি. এর অফিস আদেশবলে এই ভ্রমণ।

১৯ মে ২০২৬ তারিখ সকালে দিনাজপুর জেলা পরিষদের এনডিসি জনাব মোঃ ফয়েজুর রহমান ফয়েজ মহোদয় কর্তৃক পূর্ব নির্ধারিত সময়ে অধিদপ্তরের প্রতিনিধিদল-এর সাথে সাক্ষাৎ হয় এবং জেলা প্রশাসক মহোদয়-এর সাথে সাক্ষাত করতে চাইলে জেলা প্রশাসক মহোদয় উপস্থিন নেই বলে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব মোঃ জানে আলম স্যারর সাথে স্বাক্ষাৎ করি এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে রেকর্ডরুম পরিদর্শনের অনুমতি চাইলে তিনি জেলা প্রশাসকের অনুমতি সাপেক্ষে রেকর্ডরুম পরিদর্শনের পরামর্শ দেন। রেকর্ডরুম পরিদর্শনের অনুমতির জন্য জেলা প্রশাসক মহোদয়ের অপেক্ষা করি। গুরুত্বপূর্ণ কাজ শেষে জেলা প্রশাসক মহোদয় অফিসে প্রবেশ করলে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদলের সাথে সাক্ষাৎ হয়। অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয় এবং রেকর্ডরুম পরিদর্শনের অনুমতি পাওয়া যায়।

জেলা প্রশাসকের অনুমতিক্রমে রেকর্ডরুমে গমন করি এবং রেকর্ডরুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারি কমিশনার, জনাব আরফাত উদ্দীন-এর সথে সাক্ষাৎ করি। রেকর্ড কিপারসহ অন্যান্য কর্মচারিগণ রেকর্ড ও বেকর্ডরুম পরিদর্শনে সহযোগিতা করেন। এখানে রক্ষিত রেকর্ডসমূহের অবস্থা ভালো নয়। রেকর্ড রুমে পর্যাপ্ত আলো, বাতাস নেই। রেকর্ডগুলো অনেক পুরনো হওয়া সত্বেও সুরক্ষার জন্য ভালো ব্যবস্থা চোখে পড়েনি। রেকর্ডরুমে রক্ষিত নথির মধ্যে রয়েছে ভূমি সংক্রান্ত কেস নথি, খতিয়ান, সিএস এবং এস এ নথি, থানা ভিত্তিক মৌজা ম্যাপ, নকশা ম্যাপ, সিআর এবং জিআর মামলা সংক্রান্ত নথি। রেকর্ডরুমের দায়িত্বপ্রাপ্তগণ জাতীয় আরকাইভসের রেকর্ড সংরক্ষণ কার্যক্রমের প্রশংসা করেন। দিনাজপুর জেলা রেকর্ডরুমে রক্ষিত রেকর্ডসমূহের মধ্যে ঐতিহাসিক গুরুত্ব সম্পন্ন ২৫ বছরের পুরনো এবং প্রশাসনিক অপ্রচলিত নথি আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণ ও রেকর্ডের সুরক্ষায় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হয়।

**সুপারিশ:**

**দিনাজপুর জেলা ভ্রমণের আলোকে প্রতিনিধিদল কর্তৃক সুপরিশমালা নিম্নরুপ:**

১) রেকর্ডরুমের পর্যাপ্ত আলো ও বাতাসের ব্যবস্থা করা।
২) রেকর্ডরুম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
৩) রেকর্ডরুম আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলা।
৪) পুরাতন নথি ও বই সংরক্ষণে সকলকে সচেতন করা।
৫) রেকর্ডরুমে রক্ষিত সকল নথি তালিকা অনুযায়ী সাজানো।
৬) নতুন রেকর্ডরুম নির্মানে জাতীয় আরকাইভস কর্তৃপক্ষের পরামর্শ গ্রহণ।
৭) রেকর্ড সংরক্ষণে ডিজিটাল পদ্ধতি ব্যবহার করা।

(মোঃ আরিফুর রহমান)
সহকারী প্রোগ্রামার
প্রতিনিধিদলের পক্ষে